পরিকার নোট-এর কর্মপন্তা : ভারতীয় রিজার্ভ ব্যাংক

৫ই ডিসেম্বর, ২০০২

শ্রী ভেপা কামেসম, ডেপুটি গভর্ণর, ভারতের রিজার্ভ ব্যাংক, ব্যাংকগুলিকে নভেম্বর ২০০১ সালে জারি করা নোটের প্যাকেট স্টেপল করার অভ্যাস দূর করার ও প্যাকেটগুলি কাগজ/পলিথিন-এ ব্যান্ড করার রিজার্ভ ব্যাংকের নির্দেশ মেনে চলতে সনির্বন্ধ মিনতি করেন, যাতে টাকা নোট বহুদিন নষ্ট হতে না পারে। দিল্লিতে আজ ডেপুটি গভর্নর কারেন্সি চেস্ট আছে এমন পাবলিক সেক্টর ও অন্যান্য ব্যাংকের চীফ একজিকিউটিভদের সঙ্গে, ভারতের রিজার্ভ ব্যাংকের পরিক্ষার নোট-এর কর্মপন্থা প্রবর্তনের বিষয়ে আলোচনা করার উদ্দ্যেশে মিটিং করেন। রিজার্ভ ব্যাংকের পরিক্ষার নোট-এর কর্মপন্থার উদ্দ্যেশ্য হল জনসাধারণকে উন্নত মানের টাকার নোট ও খুচরা মুদ্রা সরবরাহ করা ও নষ্ট হয়ে যাওয়া নোট বাজার থেকে সরিয়ে নেওয়া। রিজার্ভ ব্যাংক ব্যাংকগুলিকে এই নির্দেশও দিয়েছে যে জনসাধারণকে যেন কেবল উন্নত মানের পরিক্ষার নোট বন্টন করা হয় এবং কাউন্টারে তাদের কাছ থেকে প্রাপ্ত নষ্ট হয়ে যাওয়া নোটগুলি পুনঃবন্টনে ব্যাংকগুলি যেন বিরত থাকে। তার সব অফিসগুলিতে রিজার্ভ ব্যাংক দ্রুত গতি সম্পন্ন কারেন্সি ভেরিফিকেশন এন্ড প্রোসেসিং সিস্টেম (সি.ভি.পি.এস.) মেশিন বসিয়েছে টাকা দেখাশুনা করার জন্য। এই মেশিনগুলি প্রতি ঘন্টায় ৫০,০০০-৬০,০০০ পিস প্রসেস করার ক্ষমতা রাখে এবং নষ্ট নোটগুলি অন-লাইনএ শ্রেডেড ও ব্রিকেটেড হয়।

১৯৯৯ সালে যখন থেকে গভর্ণর পরিক্ষার নোট-এর কর্মপন্থার ঘোষণা করেন, টাকা নোট ও খুচরা মুদ্রা সরবরাহ বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়। জনসাধারণকে অনুরোধ করা হয়েছিল টাকার উপর কিছু না লিখতে এবং ব্যাংকগুলিকে নির্দেশ দেওয়া হয়েছিল নষ্ট হয়ে যাওয়া ও ফেটে যাওয়া নোট বিনিময়ের অঢেল সুযোগ করতে। রিজার্ভ ব্যাংকের নির্দেশ অনুযায়ী ব্যাংকের কারেন্সি চেস্ট ধারণকারী শাখাগুলিকে যারা গ্রাহক নন তাদেরও উচ্চ মানের নোট ও খুচরা মুদ্রা সরবরাহ করতে হবে। কিন্তু, জনসাধারণ ও বাণিজ্যিক সংস্থাগুলি থেকে এখনো অভিযোগ আসছে যে এটা পুরোমাত্রায় চালু হয়নি।

কিছু সীমিত অভিযোগ এও পাওয়া গেছে যে গ্রাম ও মফঃস্বলের কিছু কারেন্সি চেস্ট ধারণকারী শাখা নিমু মূল্যের নোট গ্রহণ করতে অস্বীকার করছে। পরিস্থিতি শান্ত করার জন্য রিজার্ভ ব্যাংক এই কারেন্সি চেস্টগুলিকে খুচরা মুদ্রা বন্টনের নির্দিষ্ট মাসিক লক্ষ্যমাত্রা স্থির করে দিয়েছে। রিজার্ভ ব্যাংক তথ্য আদান-প্রদানের রিপোর্ট মারফং এই লক্ষ্যমাত্রাগুলি নিয়ন্ত্রণ করে। এ ছাড়াও, পরীক্ষামূলক ভাবে রিজার্ভ ব্যাংক ব্যাংকগুলিকে অনুরোধ করেছে সেপ্টেম্বর ও নভেম্বর মাসের মধ্যে প্রতি মাসে একটি রবিবার কোনও বাছাই করা কেন্দ্রের একটি কারেন্সি চেস্ট শাখা খোলা রাখতে স্বতন্ত্রভাবে কেবল মুদ্রা বিনিময় ও খুচরা মুদ্রা বন্টনের জন্য এবং নষ্ট হয়ে যাওয়া নোট সরিয়ে নেবার জন্য। ব্যাংকগুলি থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী জনসাধারণ এই পরীক্ষায় অভূতপূর্ব সাড়া দিয়েছেন। অতএব, সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ব্যাংকগুলি এই কর্মপন্থা হার্দিকভাবে অংশগ্রহণ সহকারে পাকাপাকি ভাবে চালাবে। কোন কেন্দ্রের কোন রবিবার শাখা ব্যাংক খোলা থাকবে সেই সিদ্ধান্ত ব্যাংকই নেবে।

ডেপুটি গভর্ণর জোর দিয়ে বলেন যে চেস্ট শাখা ও বিনা চেস্ট শাখাগুলির মধ্যে উচ্চ স্তরের সমন্বয় বিধানের বিশেষ প্রয়োজন এবং এখন সময় হয়েছে ব্যান্ডিং মেশিন সহ ছোট ডেক্ষটপ স্থাপন করে কারেন্সি চেস্ট শাখাগুলি কাজকর্মও যন্ত্রচালিত করার, যাতে জনসাধারণ ভাল বিনা স্টেপল করা নোট পান ও রিজার্ভ ব্যাংকও বিনা স্টেপল করা নাই হয়ে যাওয়া নোট প্রসেসিং ও বিনাষ্ট করার জন্য তৈরী পায়। তিনি এও বলেন যে রিজার্ভ ব্যাংকের রিজিওনাল ডাইরেকটরদের নোট ও খুচরা মুদ্রা প্রেরণের সঠিক সমন্বয় বিধানের জন্য যোগাযোগ করা যেতে পারে। তিনি আশা প্রকাশ করেন যে ব্যাংকগুলি পরিক্ষার নোট বন্টনের কর্মপন্থার জন্য রিজার্ভ ব্যাংকের সঙ্গে পূর্ণ সহযোগিতা করবে এবং রিজার্ভ ব্যাংককে এই ব্যাপারে মধ্যস্থতা করার কথা চিন্তা করতে হবে না।

আলপনা কিল্পাওয়ালা জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/589